

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
পল্লী ভবন
৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫।

নম্বর: ৪৭.৬২.০০০০.৯৮১.১৪.১৫৪.২৩.৩৫৮

তারিখ: ২৬/১২/২০২৩ খ্রি।


অফিস আদেশ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) কর্তৃক বাস্তবায়নাধীন 'দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে পুষ্টি সমৃদ্ধ উচ্চ মূল্যের অপ্রধান শস্য উৎপাদন ও বাজারজাতকরণ কর্মসূচি (২য় সংশোধিত)' শীর্ষক প্রকল্পটি আগামী ৩১ ডিসেম্বর, ২০২৩ তারিখে সমাপ্ত হবে। তৎপ্রেক্ষিতে বর্ণিত প্রকল্পটি বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড আইন-২০১৮ এর ধারা ১০(৪), প্রকল্পের এক্সিট প্ল্যান এবং প্রকল্প স্টিয়ারিং কমিটির সিদ্ধান্ত অনুযায়ী আগামী ০১ জানুয়ারি, ২০২৪ তারিখ হতে বিআরডিবি'র নিজস্ব ব্যবস্থাপনায় কর্মসূচি হিসেবে পরিচালিত হবে। কর্মসূচিটি সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য নিম্নবর্ণিত নির্দেশনা প্রদান করা হলো:

নির্দেশনাসমূহ:

- ১। ০১/০১/২০২৪ খ্রি. তারিখ হতে কর্মসূচি বাস্তবায়ন কার্যক্রম শুরু হবে এবং ইহা 'অপ্রধান শস্য কর্মসূচি' নামে পরিচালিত হবে।
- ২। প্রকল্পটির সকল স্বাবর ও অস্বাবর সম্পদ ও দায়দেনা কর্মসূচির উপর ন্যস্ত হবে। প্রকল্পের জেলা ও উপজেলা পর্যায়ের সম্পদ ও কার্যক্রমসমূহ যথাক্রমে উপপরিচালক এবং উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি'র তদারকিতে যথাযথ প্রক্রিয়া অনুসরণপূর্বক কর্মসূচি শুরুর প্রাক্কালেই (০১/০১/২০২৪ খ্রি. তারিখে) প্রকল্প হতে কর্মসূচিতে হস্তান্তর করতে হবে এবং হস্তান্তরের এক প্রস্থ অনুলিপি কর্মসূচি দপ্তরে প্রেরণ নিশ্চিত করতে হবে।
- ৩। কর্মসূচি পরিচালক নিয়োগ না হওয়া পর্যন্ত 'দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে পুষ্টি সমৃদ্ধ উচ্চ মূল্যের অপ্রধান শস্য উৎপাদন ও বাজারজাতকরণ কর্মসূচি (২য় সংশোধিত)' শীর্ষক প্রকল্পের প্রকল্প পরিচালক 'কর্মসূচি পরিচালক' হিসেবে দায়িত্ব পালন করবেন।
- ৪। বর্তমান প্রকল্প সদরদপ্তরই কর্মসূচি সদরদপ্তর হিসাবে ব্যবহৃত/ পরিগণিত হবে এবং পিএসসি সভার সিদ্ধান্ত অনুসারে চলমান প্রকল্পের জনবলের মাধ্যমে উক্ত কর্মসূচি পরিচালিত হবে।
- ৫। কর্মসূচি নীতিমালা প্রণয়ন কার্যক্রম চলমান রয়েছে। নীতিমালা প্রণয়ন শেষে কর্মসূচি শুরুর পূর্বেই তা বিআরডিবি'র ওয়েবসাইটে প্রকাশ করা হবে এবং উক্ত নীতিমালার আলোকে কর্মসূচির যাবতীয় কার্যক্রম পরিচালনা করতে হবে।

জনস্বার্থে এ আদেশ জারি করা হলো, যা ০১ জানুয়ারি, ২০২৪ তারিখ হতে কার্যকর হবে।




আঃ গাফুর খান
মহাপরিচালক (প্রোড-১)
ফোন:- ০২ ৪১০১০৩২০।
E-mail: dg@brdb.gov.bd

নম্বর: ৪৭.৬২.০০০০.৯৮১.১৪.১৫৪.২৩.৩৫৮

তারিখ: ২৬/১২/২০২৩ খ্রি।

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক (সকল), বিআরডিবি, ঢাকা/ বিআরডিবিআই, সিলেট।
- ২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। যুগ্মপরিচালক (সকল), বিআরডিবি, ঢাকা।
- ৫। প্রকল্প পরিচালক, দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে পুষ্টি সমৃদ্ধ উচ্চ মূল্যের অপ্রধান শস্য উৎপাদন ও বাজারজাতকরণ কর্মসূচি (২য় সংশোধিত) শীর্ষক প্রকল্প, বিআরডিবি, ঢাকা।
- ৬। উপপরিচালক, বিআরডিবি, জেলাদপ্তর (সকল)।
- ৭। উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা (বিআরডিবি'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৮। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলা (প্রকল্পভূক্ত ২৫৬ উপজেলা)।
- ৯। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১০। অফিস নথি।



মোঃ সাফেদুল ইসলাম
যুগ্মপরিচালক (আরইএম)
ফোন:-০২ ৪১০১০৩২৬।
E-mail: jdrem@brdb.gov.bd